

## আগমনী

- সুচিত্রা ব্যানার্জী

শরৎ এলো সঙ্গে অরুণ আলোর অঞ্জলি নিয়ে । শিউলী সুরভি রাতে বিকশিত জ্যেৎস্নাতে -  
বিষাদ অশ্রুজলে মিলুক শরমহাসি শিশির সিক্তবায়ে বিজড়িত আলোছায়ে আকাশে শুভ্র মেঘের  
নিরুদ্দেশ যাত্রায় মন আজ দেশান্তরী - আকাশে বাতাসে এখন শুধু পূজো পূজো গন্ধ - প্রতি  
বছরের মত এ বছরও মা আসছেন নতুন বার্তা নিয়ে - মা তুমি শরৎ প্রাতে আলোর বাণী -  
শরতের আলোতে সুন্দর আসে - ধরণীর আঁধি যে শিশিরে ভাসে - প্রার্থনা করি বিগত দিনগুলির  
সমস্ত গ্লানি ধুয়ে মুছে যাক চিন্ময়ী মায়ের রাতুল চরণ স্পর্শে - আমাদের প্রত্যেকের জীবনে উদিত  
হোক আনন্দের রক্তিম সূর্য ।